



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৭৯১

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৭

২৩ জুলাই ২০২০

**বিষয়:** সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্য এবং বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সড়ক পথে  
মোট ৪৬০০ মে.টন আমন'১৯-২০ সিঙ্ক চালের চলাচল সূচি।

**সূত্র:**  
১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ২১/০৭/২০২০ খ্রি. তারিখের ১৩.০৮.০০০০.০০৫.৪৭.০৬৮.১৫.১৬০০ নং  
স্মারক।  
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর ২২/০৭/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৫০.৫০.০০৩.২০.৪৫৯ নং  
স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগস্ট/২০ মাসে বিলি-বিতরণের জন্য হবিগঞ্জ জেলায় বিভিন্ন এলএসডিতে  
আমন'১৯-২০ চালের মজুত কর থাকায় ভিজিডি, ভিজিএফ, জি.আরসহ অন্যান্য খাতে সম্ভাব্য বিলি-বিতরণের জন্য জরুরি  
চালের চাহিদা এবং ঠাকারগাঁও জেলায় সংগ্রহের নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য খালি জায়গা সৃষ্টির  
লক্ষ্য ভোমরাদহ ও পীরগঞ্জ এলএসডি হতে আমন'১৯-২০ সিঙ্ক চাল বিভাগের বাইরে সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের  
জন্য সুত্রস্থ স্মারকদ্বয়ে অনুরোধ করা হয়েছে। চলতি বোরো সংগ্রহ/২০২০ লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে রংপুর বিভাগের  
নিম্নলিখিত এলএসডি খালি জায়গা সৃষ্টির লক্ষ্য ও সিলেট বিভাগের চালের চাহিদানুযায়ী সাশ্রয়ী রুট বিবেচনায় এবং বিভিন্ন খাতে  
বিলি-বিতরণের জন্য সড়ক পথে ৪৬০০ মে. টন আমন'১৯-২০ সিঙ্ক চালের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে  
পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

#### সড়ক পথে আমন'১৯-২০ সিঙ্কচালের চলাচল সূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	ঠাকুরগাঁও	ভোমরাদহ এলএসডি	ঢাকা	কোনোখোলা এলএসডি	৩০০	আমন'১৯-২০ সিঙ্ক চাল	সড়ক পথ	চসসা বিভাগ উপ-সূচি জারি করবেন।
২.	ঐ	ঐ	নরসিংদী	নরসিংদী এলএসডি	২০০	ঐ	ঐ	
৩.	ঐ	পীরগঞ্জ এলএসডি	ঐ	ঐ	১০০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	ফরিদপুর	অধিকাপুর এলএসডি	৫০০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	গোপালগঞ্জ	সিন্ধিয়াঘাট এলএসডি	৩০০	ঐ	ঐ	
৭.	ঐ	ঐ	মাদারীপুর	মাদারীপুর এলএসডি	২০০	ঐ	ঐ	

৮.	ঞ	ঞ	ঞ	শিবচর এলএসডি	২০০	ঞ	ঞ
৯.	বগুড়া	সান্তাহার সিএসডি	হবিগঞ্জ	হবিগঞ্জ এলএসডি	৬০০	ঞ	ঞ
১০.	ঞ	ঞ	ঞ	শায়েস্তাগঞ্জ এলএসডি	৬৯০	ঞ	ঞ
১১.	ঞ	ঞ	ঞ	চুনারুঁঘাট এলএসডি	৪০০	ঞ	ঞ
১২.	ঞ	ঞ	ঞ	মাধবপুর এলএসডি	৩০০	ঞ	ঞ
১৩.	ঞ	ঞ	ঞ	নয়াপাড়া এলএসডি	২৬০	ঞ	ঞ
১৪.	ঞ	ঞ	ঞ	বাহ্বল এলএসডি	২৫০	ঞ	ঞ
১৫.	ঞ	ঞ	ঞ	নবীগঞ্জ এলএসডি	১৬০	ঞ	ঞ
১৬.	ঞ	ঞ	ঞ	বানিয়াচং এলএসডি	১৪০	ঞ	ঞ
				মোট =	৪৬০০		

#### খাদ্যশস্য পরিবহণের ক্ষেত্রে আবশ্যিকভাবে পালনীয় নির্দেশনাঃ

১। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত **১১/০৫/২০১৯** খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক **১৮/০৪/২০২০** খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

২। সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য মীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের **০৯/০৫/২০১৯** খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়্যারহাউজ বা এলএসডি/সিএসডি তে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেম্পিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেম্পিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৩। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৪। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ওয়াগন/ট্রাক/বার্জ-এ প্রেরিত চালের ভোত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোরাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উল্লেখ হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্থাপিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিটিও এর নিকট প্রেরণ করবেন;

৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১০। সূচির মেয়াদ আগামী ১০/০৮/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোর্যাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৩-৭-২০২০

মোঃ ফজলে রামী হায়দার

উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও, রংপুর।
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৭৯১/১(১১)

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৭  
২৩ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
- ৮) সিল্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিধপ্তরের ওয়েবসাইটে প্রকাশের  
অনুরোধ করা হলো)
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....।
- ১০) ব্যবস্থাপক, .....সিএসডি।
- ১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা .....এলএসডি।

২৩-৭-২০২০

মোঃ ফজলে রাখী হায়দার

উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)